

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৮৭৭

পরিচ্ছেদঃ মশকে নাবীয় তৈরি।

باب مَا جَاءَ فِي الإِنْتِبَاذِ فِي السِّقَاءِ

আরবী

حَدَّنَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ التَّقَفِيُّ، عَنْ يُونُسَ بْنِ عُبَيْدٍ، عَنِ الْحَسَنِ الْبَصْرِيِّ، عَنْ أُمِّهِ، عَنْ عَائِشَةَ، قَالَتْ كُنَّا نَنْبِذُ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم في سِقَاءٍ يُوكَأُ فِي أَعْلاَهُ لَهُ عَزْلاَءُ نَنْبِذُهُ غُدُوةً وَيَشْرَبُهُ عِشَاءً وَنَنْبِذُهُ عِشَاءً وَيَشْرَبُهُ غُدُوةً . سِقَاءٍ يُوكَأُ فِي أَعْلاَهُ لَهُ عَزْلاَءُ نَنْبِذُهُ غُدُوةً وَيَشْرَبُهُ عِشَاءً وَنَنْبِذُهُ عِشَاءً وَيَشْرَبُهُ غُدُوةً . قَالَ وَفِي الْبَابِ عَنْ جَابِرٍ وَأَبِي سَعِيدٍ وَابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَريبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَدِيثٍ يُونُسَ بْنِ عُبَيْدٍ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَقَدْ رُويَ هَذَا الْحَدِيثُ مِنْ غَرْبِهُ عَنْ عَائِشَةَ أَيْضًا .

বাংলা

১৮৭৭। মুহাম্মদ ইবনুল মুছান্না (রহঃ) ... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য মশকে নবীয তৈরী করতাম। এর উপরের দিকটি ফিতা দিয়ে বেঁধে দেয়া হত। এর একটি ছিদ্র ছিল। সকালে নবীয করলে তিনি বিকালে তা পান করতেন। আর বিকালে নবীয করলে তিনি ভোরে তা পান করতেন।

সহীহ, ইবনু মাজাহ ৩৩৯৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৭১ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে জাবির, আবূ সাঈদ ও ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। উক্ত হাদীসটি গারীব। এই সূত্র ছাড়া ইউনুস ইবনু উবায়দ (রহঃ)-এর রিওয়ায়াত হিসাবে এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। এই হাদীসটি আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে অন্য সূত্রে বর্ণিত আছে।

English

Narrated 'Aishah:



"We would prepare Nabidh for the Messenger of Allah (ﷺ) in a water-skin which was fastened at the top and it has a small hole. We would prepare Nabidh in it during the morning, and drink it during the evening. And we would prepare Nabidh in it during the evening and drink it during the morning."

He said: There are narrations on this topic from Jabir, Abu Sa'eed, and Ibn 'Abbas.

[Abu 'Eisa said:] This Hadith is Gharib, we do not know of it as a narration of Yunus bin 'Ubaid except through this route. This Hadith has also been reported through routes other than this from 'Aishah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন